দৈনিক সংবাদ ১৩৫

তারিখ 26 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

এসএসসি পরীক্ষা পদ্ধতি

# মানিকগঞ্জ ও পিরোজপুরে ছাত্রদের বিক্ষোভ

# চট্টগ্রামে আজ হরতাল

(নিজস্ব বার্তা পরিবেশক)

এসএসসি পরীক্ষায় প্রশ্নব্যাংক বাতিলের প্রতিবাদে গতকাল মঙ্গলবার চট্টগ্রাম, মানিকগঞ্জের ঘিওরে এবং পিরোজপুরে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিল করেছে। চট্টগ্রামে আজ অর্ধদিবস হরতাল ডাকা হয়েছে। মানিকগঞ্জের বানিয়াজুরিতে গতকাল ছাত্ররা মহাসড়ক অবরোধ করে ২০টি গাড়ি ভাঙচুর করেছে। পুলিশ এ ঘটনায় ৬ জনকে গ্রেফতার করেছে। পিরোজপুরের সহকারী পুলিশ কমিশনারের গাড়ি ভাঙচুর করা হয়।

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, এসএসসি পরীক্ষা প্রশ্নব্যাংক বহাল রাখার দাবিতে স্কুল ছাত্রদের সংগ্রাম পরিষদ আজ বুধবার চট্টগ্রামে অর্ধদিবস হরতাল আহ্বান করেছে।

এদিকে স্কুলছাত্ররা গতকাল নগরীর বিভিন্ন এলাকায় মিছিল বের করে। তারা স্টেশন রোড, পাহাড়তলী, হাটহাজারী রোডে অনেকগুলো যানবাহন ভাঙচুর করে। ডবলমুরিং থানা পুলিশ তিনজন ছাত্রকে গ্রেফতার করেছে।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল মানিকগঞ্জের ঘিওর থানায় স্কুল ছাত্ররা বিক্ষোভ মিছিল করে। বানিয়াজুরিতে আরিচা মহাসড়ক অবরোধ করে। ছাত্ররা ইটপাটকেল ছুড়ে ২০টি গাড়ি ভাঙচুর করে। পুলিশ ঘটনাস্থল থেকে ৬ জন ছাত্রকে গ্রেফতার করে। এই ঘটনায় আরিচা মহাসড়কে প্রায় এক ঘন্টা যানবাহন চলাচল বন্ধ ছিল। এ ব্যাপারে ঘিওর থানায় একটি মামলা [illegible] হয়েছে।

পিরোজপুর থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে [illegible], গতকাল সকালে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিল করে যাওয়ার সময় পিরোজপুরের সহকারী পুলিশ সুপারের গাড়ি ভাঙচুর করে। তারা প্রায় আধঘন্টা জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করে রাখে। পরে শহরের বিলাশ চত্বরের সামনে ছাত্ররা সমাবেশ করে।